



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-২ (লেভেল ৪,৫,৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০
www.bfsa.gov.bd

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদান বাছাই কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ আব্দুল কাইউম সরকার চেয়ারম্যান
সভার তারিখ	০৭ জুন, ২০২৩ খ্রি.
সভার সময়	বেলা ০৩.০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে তিনি জানান, শুদ্ধাচার কৌশল প্রণয়নের মূল উদ্দেশ্য হচ্ছে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে নিজ নিজ কর্মসম্পাদনের মাধ্যমে সরকারের সকল কার্যক্রমে সূশাসন প্রতিষ্ঠা করা। তাই সরকার শুদ্ধাচার চর্চায় কর্মচারীদের উৎসাহ প্রদানের লক্ষ্যে “শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭” প্রণয়ন, শুদ্ধাচার পুরস্কার প্রদানে অধিকতর স্বচ্ছতা আনয়ন এবং পরিসর বৃদ্ধির লক্ষ্যে “শুদ্ধাচার পুরস্কার (সংশোধন) নীতিমালা, ২০২১” প্রণয়ন করেছেন।

শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য কর্মচারী বাছাইয়ের লক্ষ্যে কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে ৩ সদস্য বিশিষ্ট একটি বাছাই কমিটি গঠন করা হয়। চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে উক্ত সভায় কর্মচারীগণের পুরস্কার প্রদানের জন্য নীতিমালার আলোকে বাছাইয়ের প্রক্রিয়া সম্পর্কে বিশদ আলোচনা করা হয়। সভায় গঠিত বাছাই কমিটি বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের নিজ কার্যালয়ের গ্রেড-০২ থেকে গ্রেড-০৯ ভুক্ত কর্মচারী, জেলা কার্যালয়সমূহের প্রধান এবং গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত কর্মচারীগণের তালিকা সংগ্রহপূর্বক যাচাই-বাছাই করেন। অতঃপর, “শুদ্ধাচার পুরস্কার (সংশোধন) নীতিমালা, ২০২১” অনুযায়ী বাছাই কমিটি কর্তৃক গ্রেড-০২ হতে গ্রেড-০৯ ভুক্ত ০২ জন (প্রাপ্ত নম্বর এক হওয়ায়), আওতাধীন জেলা কার্যালয়সমূহের প্রধানদের মধ্য থেকে ০২ জন (প্রাপ্ত নম্বর এক হওয়ায়) এবং গ্রেড-১০ হতে গ্রেড-১৬ ভুক্ত এক (০১) জনসহ সর্বমোট ৫ জন কর্মচারীকে নীতিমালায় বর্ণিত সূচক (Indicators) এর ভিত্তিতে ২০২২-২০২৩ অর্থবছরের শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হয়।

মনোনীত কর্মচারীগণের বিবরণ:

ক্র. নং	ক্যাটাগরি	নাম	পদবি ও কর্মস্থল	প্রাপ্ত গড় (১০০ নম্বর এর মধ্যে)	মন্তব্য
১	গ্রেড-০২ হতে গ্রেড-০৯	জনাব মঞ্জুর মোর্শেদ আহমেদ	সদস্য (জনস্বাস্থ্য ও পুষ্টি), বিএফএসএ	৯৮.৫	
		জনাব জেবিদাস রায়	সহকারী পরিচালক, বিএফএসএ	৯৮.৫	
২	আওতাধীন জেলা কার্যালয় প্রধান	জনাব মোহাম্মদ ফারহান ইসলাম	নিরাপদ খাদ্য অফিসার, চট্টগ্রাম	৯৮.০	
		জনাব মোঃ মোকলেছুর রহমান	নিরাপদ খাদ্য অফিসার, খুলনা	৯৮.০	
৩	গ্রেড-১০ হতে গ্রেড-১৬	জনাব গাজী মিয়া	ক্যাটালগার, বিএফএসএ	৯৭.০	

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৮-০৬-২০২৩
মোঃ আব্দুল কাইউম সরকার
চেয়ারম্যান
২২২২২৩৬২৬
chairman@bfsa.gov.bd

নম্বর: ১৩.০২.০০০০.৯১১.৫৪.০০১.২১.১৪

৪ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৮ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সদস্য (খাদ্যভোগ ও ভোক্তা-অধিকার), সদস্য (খাদ্যভোগ ও ভোক্তা-অধিকার), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ এবং
- ২। সচিব, সচিবের দপ্তর, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।



২০-০৬-২০২৩
মোঃ আসলাম উদ্দিন
মনিটরিং অফিসার